

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৯৪

আগরতলা, ৩ নভেম্বর, ২০২৪

মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে ভাত্তাদ্বিতীয়া অনুষ্ঠান আয়োজিত

ভাইয়ের দীর্ঘ আয়ু ও মঙ্গল কামনায় বোনেরা ফেঁটা দেন। পাশাপাশি বোনেদের সুখ, সমৃদ্ধি ও সুরক্ষায় ভাইয়েরাও অঙ্গিকারবদ্ধ হন। ভাত্তাদ্বিতীয়া আমাদের পরম্পরা। আজ মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে রীতি ও পরম্পরা মেনে আয়োজিত ভাত্তাদ্বিতীয়া অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। এই উপলক্ষে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার মঙ্গল কামনা করে ভাইফেঁটা দেন রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত বোনেরা। মুখ্যমন্ত্রী ভাত্তাদ্বিতীয়ার পুণ্যলগ্নে বোনেদের মঙ্গল কামনা করে শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মহিলাদের সর্বাঙ্গীন বিকাশ ও তাদের আর্থ সামাজিক মানোন্নয়নে বর্তমান সরকার বদ্ধপরিকর। মহিলাদের কল্যাণ ও সুবিধার্থে রাজ্য বিভিন্ন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।

\*\*\*\*\*